12.8.3 জলের সঙ্গে বিক্রিয়া :

কম আণবিক গুরুত্ববিশিষ্ট অ্যালডিহাইড ও কিটোনগুলি জলের সঙ্গে বিক্রিয়ায় 1, 1-ডাইঅল (জেমিনাল ডাইঅল) গঠন করে। এই ডাইঅলগুলি সাধারণত সুস্থির প্রকৃতির হয় না। কিন্তু ক্লোরাল হাইড্রেড সুস্থির। হাইড্রোজেন বন্ধনের জন্য এই যৌগগুলি সুস্থির হয়।



অপেক্ষাকৃত উচ্চ আণবিক গুরুত্বের কার্বনিল যৌগের সঙ্গে বিক্রিয়ার হার দ্রুত কমে যায়। আবার ইলেকট্রন আকর্ষণকারী কোন মূলক কার্বনিল কার্বনের সঙ্গে যুক্ত থাকলে বিক্রিয়ার হার বৃদ্ধি পায়।

12.8.4 অ্যালকোহলের সঙ্গে বিক্রিয়া :

অ্যালকোহলের সঙ্গে অনার্দ্র হাইড্রোজন ক্লোরাইডের উপস্থিতিতে কার্বনিল যৌগ বিক্রিয়া করে। এটি একটি উভমুখী বিক্রিয়া। এই বিক্রিয়ার প্রথমে হেমিঅ্যাসিটাল বা হেমিকিটাল উৎপন্ন হয়। পরে অ্যাসিটাল বা কিটাল পাওয়া যায়।